

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৫, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

[তারিখ, ১লা সেপ্টেম্বর ১৯৯৯/১৭ই ভাদ্র ১৪০৬

এস, আর, ও নং ২৬১-আইন/৯৯—যেহেতু সরকার কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর থানার নিম্ন তকসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করার প্রস্তাব করিয়াছে;

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণা করার জন্য পরামর্শ এবং আপত্তি আহ্বান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4(2) এর অধীন উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৪২৫৩)

মূল্য: টাকা ১.০০

অতএব, সেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রকৃত ক্ষমতাবলে সরকার এতদধারা নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ২৮শে ডিসেম্বর, ১৯০৬ বাং মোতাবেক ১২ই সেপ্টেম্বর, ১৯৯৯ইং তারিখ হইতে কুলিয়ারচর মিউনিসিপ্যালিটি গঠনের-ঘোষণা করিল :

## তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	কুলিয়ারচর	কুলিয়ারচর	২৯৭	০১—৬২২ সম্পূর্ণ
(২)	কুলিয়ারচর	গাইলকাটা বেতিয়ারকাপি	২৯৫	০১—৮৩২ এ
(৩)	কুলিয়ারচর	খরক মারা	২৯৬	০১—৫১৭ এ
(৪)	কুলিয়ারচর	ভাতারকাপি	২৯৮	০১—৪৯২ এ
(৫)	কুলিয়ারচর	বরধারচর	২৯৪	০১—৫৯০ এ
(৬)	কুলিয়ারচর	দোয়ারিয়া	২৯২	০১—১৫৭৭ এ
(৭)	কুলিয়ারচর	আলী আকবরী	২৯০	০১—৭০১ এ
(৮)	কুলিয়ারচর	কাপাইয়াকাপি	২৯১	০১—৬৭২ এ
(৯)	কুলিয়ারচর	সিংলা	২৮৯	০১—৩৫৮ এ
(১০)	কুলিয়ারচর	কুতুবপুর	২৯৩	০১—১৯৪ এ
(১১)	উছমানপুর	পানটিয়া উছমানপুর (আংশিক)	২৫৪	১২৬৩—১৪৪৮, ৬২৩, ৬২৪, ৬২৭— ৬৩০, ৫৬৬—৫৭৩, ৫৭৭—৫৭৯, ৬৯৩— ৭২৬, ১৮২২—১৮৭০, ১৮৭৯—১৮৯২।
(১২)	উছমানপুর	কুমারিয়াকাপি	২৫৫	০১—৪৭৩ সম্পূর্ণ
(১৩)	উছমানপুর	কোনাপাড়া (আংশিক)	২৫৬	৫৯৭—৫৯৯, ৬০২—৬০৩, ৬০৭—৬৫৩।
(১৪)	রামদি	তারাকাপি(আংশিক)	২৬১	১১৩৩—১৩২০
(১৫)	রামদি	তারাকাপি(আংশিক)	১৩	৩৮২—৪০৪, ২২৯৫—২৪৯৯।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুস সাত্তার মিজ

উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,  
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।